একই স্মারক ও তারিখের প্রতিস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০০০. ০১১.০১.০০৬৩.০৯.২৭৫৪ তারিখঃ ১৯/০৮/১৪৩২ বঙ্গাব্দ। ০৪/১২/২০২৫ খ্রিষ্টাব্দ।

**বিষয়** : নতুন সৃজিত ০৫ (পাঁচ) টি আনসার ব্যাটালিয়নের নাম এবং অস্থায়ী কার্যালয় সম্পর্কে অবহিতকরণ প্রসঙ্গে।
সূত্র : স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আনসার শাখা-২ এর স্মারক নং-৪৪.০০.০০০০.১১৫.০১২.১০.২৫-৮৮, তারিখ: ২৩/১০/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রপত্র মূলে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সাংগঠনিক কাঠামোতে নতুন ০৫ (পাঁচ) টি আনসার ব্যাটালিয়ন সৃজিত হয়েছে। ইতঃপূর্বে এ বাহিনীতে ০১টি মহিলা আনসার ব্যাটালিয়ন ও ০১টি আনসার গার্ড ব্যাটালিয়নসহ সর্বমোট ৪২টি আনসার ব্যাটালিয়ন ছিল। তন্মধ্যে এলাভিত্তিক পরিচিতির পাশাপাশি ১ হতে ৩৯ পর্যন্ত সংখ্যাত্বক নামে ব্যাটালিয়নের পরিচিতি বিদ্যমান রয়েছে। যেহেতু ০৫ (পাঁচ) টি নতুন ব্যাটালিয়নের জন্য অদ্যাবধি জমি অধিগ্রহণ ও নতুন স্থাপনা নির্মিত হয়নি বিধায় নিম্নছক মোতাবেক সৃজিত নতুন ০৫ (পাঁচ) টি আনসার ব্যাটালিয়নের এলাভিত্তিক এবং সংখ্যাত্বক পরিচিতি ও অস্থায়ী কার্যক্রম পরিচালিত হবে।

'ছক'

| ক্রঃ নং | জি. ও মোতাবেক ব্যাটালিয়নের নাম | সংখ্যাত্বক পরিচিতি | এলাকাভিত্তিক পরিচিতি | অস্থায়ী কার্যালয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প | ৪০ আনসার ব্যাটালিয়ন | রূপপুর আনসার ব্যাটালিয়ন | রাজশাহী আনসার ব্যাটালিয়ন (১৯ বিএন), নওহাটা, পবা, রাজশাহী। | |
| ০২ | ঢাকা মহানগর | ৪১ আনসার ব্যাটালিয়ন | ঢাকা মহানগর আনসার ব্যাটালিয়ন | আনসার গার্ড ব্যাটালিয়ন, ভাটারা, ঢাকা। | |
| ০৩ | চট্টগ্রাম মহানগর | ৪২ আনসার ব্যাটালিয়ন | চট্টগ্রাম মহানগর আনসার ব্যাটালিয়ন | পটিয়া আনসার ব্যাটালিয়ন (৩৭ বিএন), পটিয়া, চট্টগ্রাম। | |
| ০৪ | কক্সবাজার জেলায় উখিয়া | ৪৩ আনসার ব্যাটালিয়ন | উখিয়া আনসার ব্যাটালিয়ন | কক্সবাজার আনসার ব্যাটালিয়ন (৯ বিএন), কক্সবাজার। | |
| ০৫ | বরিশাল বিভাগে আনসার ব্যাটালিয়ন | ৪৪ আনসার ব্যাটালিয়ন | বরিশাল আনসার ব্যাটালিয়ন | পটুয়াখালী আনসার ব্যাটালিয়ন (২২ বিএন), পটুয়াখালী। | |

২। উল্লেখ্য, আগামী জানুয়ারী মাসের ২য়/৩য় সপ্তাহে মাননীয় প্রধান উপদেষ্টা বা স্বরাষ্ট্র উপদেষ্টা কর্তৃক নবসৃজিত ৫টি ব্যাটালিয়নের পতাকা উত্তোলনের পরিকল্পনা গ্রহন করা হয়েছে।

৩। এমতাবস্থায়, বর্ণিত বিষয়টি আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

সংযুক্ত: নতুন ০৫ (পাঁচ) টি ব্যাটালিয়ন সৃজনের পৃষ্ঠাংকিত জি. ও ০৩ (তিন) পাতা।

০৬-১২-২০২৫

মুহাম্মদ সাজ্জাদুর রহমান, বিজিএমএস, পিএসসি
বিএভি-১২০০৭৩
পরিচালক (প্রশাসন)
মোবাইল: ০১৭৩০০৩৮০০৬
ওয়েবমেইল: dir_admin@ansarvdp.gov.bd

**সিনিয়র সচিব**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত)]

স্মারক নং-৪৪.০৩.০০০০.০০০. ০১১.০১.০০৬৩.০৯.২৭৫৪ তারিখঃ ১৯/০৮/১৪৩২ বঙ্গাব্দ। ০৪/১২/২০২৫ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি: সদয় অবগতি ও প্রযোজ্য ক্ষেত্রে কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।**

১। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
২। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৩। উপমহাপরিচালক (সকল)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ..............................রেঞ্জ।
৪। ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
৫। পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুমিল্লা রেঞ্জ, কুমিল্লা।
৬। পরিচালক, ঢাকা মহানগর আনসার (ডিএমএ)।
৭। পরিচালক (সকল)...............................................................
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/
বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
৮। অধিনায়ক (সকল),...............আনসার ব্যাটালিয়ন ( ........বিএন).............।
৯। অধিনায়ক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা।
১০। অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১১। আইন কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক (চিকিৎসা)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
১২। উপপরিচালক (সকল)...............................................................
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/
বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
১৩। উপপরিচালক (সমন্বয়)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ।
১৪। জেলা কমান্ড্যান্ট (সকল), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,-----------------।
১৫। জোন অধিনায়ক (সকল), মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম........................।
১৬। অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ভিটিসি, গাজীপুর।
১৭। সহকারী পরিচালক (সকল)...................................................
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
১৮। বাজেট কর্মকর্তা (আনসার ও ভিডিপি)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
১৯। আইসিটি শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। বাহিনীর ওয়েবসাইটে প্রচারের জন্য।
২০। নিয়ন্ত্রণ কক্ষ, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের জন্য।
২১। অফিস/মাস্টার কপি।

০৫-১২-২০২৫
পরিচালক (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
আনসার শাখা-২
www.moha.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.১১৫.০১২.১০.২৫-৮৮

তারিখ: ০৭ কার্তিক ১৪৩২
২৩ অক্টোবর ২০২৫

প্রাপক : চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সাংগঠনিক কাঠামোতে নতুন ০৫টি আনসার ব্যাটালিয়ন গঠনের নিমিত্ত ২১২৫ (দুই হাজার একশত পঁচিশ) টি পদ সৃজনসহ ২৫ (পঁচিশ) টি যানবাহন অন্তর্ভুক্তকরণ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সাংগঠনিক কাঠামোতে নতুন ০৫টি আনসার ব্যাটালিয়ন যথাক্রমে ক. রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প খ. ঢাকা মহানগর গ. চট্টগ্রাম মহানগর ঘ. কক্সবাজার জেলার উখিয়া এবং ঙ. বরিশাল বিভাগে আনসার ব্যাটালিয়ন গঠনের নিমিত্ত ব্যাটালিয়ন প্রতি ৪২৫ × ০৫= মোট ২১২৫ (দুই হাজার একশত পঁচিশ) টি পদ সৃজনসহ ২৫ (পঁচিশ) টি যানবাহন প্রদত্ত শর্তে অন্তর্ভুক্তকরণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

জনবল:

| ক্র:নং | পদের নাম | সম্মতিকৃত পদ সংখ্যা | নির্ধারিত বেতনগ্রেড (জা:বে:স্কেল,২০১৫) | নিয়োগ যোগ্যতা/শর্ত |
|---|---|---|---|---|
| ১ | পরিচালক | ১×৫=৫ | টাঃ ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) | Bangladesh Civil Service Recruitment Rules, 1981 অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ২ | উপপরিচালক | ১×৫=৫ | টাঃ ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) | |
| ৩ | সহকারী পরিচালক | ২×৫=১০ | টাঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | |
| ৪ | সার্কেল অ্যাডজুট্যান্ট/সমমান | ৪×৫=২০ | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | আনসার ক্যাডার বহির্ভূত নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১০' অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৫ | সুবেদার | ১৮×৫=৯০ | টাঃ ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | প্রস্তাবিত খসড়া নিয়োগ বিধিমালা "আনসার ব্যাটালিয়ন সদস্য নিয়োগ ও পদোন্নতি বিধিমালা, ২০২৫" অনুযায়ী পদোন্নতির মাধ্যমে: (ক) স্থায়ী চাকরি ১৮ (আঠারো) বৎসর এবং নায়েব সুবেদার পদে ন্যূনতম ০২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা; (খ) বিগত ৫ (পাঁচ) বৎসরের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) সন্তোষজনক হইতে হইবে; (গ) শৃঙ্খলা ও দক্ষতার মান সন্তোষজনক হইতে হইবে; (ঘ) শারীরিকভাবে যোগ্য হইতে হইবে; (ঙ) পদোন্নতি পরীক্ষা এবং নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে উত্তীর্ণ হইতে হইবে। |
| ৬ | নায়েব সুবেদার | ২০×৫=১০০ | টাঃ ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | প্রস্তাবিত খসড়া নিয়োগ বিধিমালা "আনসার ব্যাটালিয়ন সদস্য নিয়োগ ও পদোন্নতি বিধিমালা, ২০২৫" অনুযায়ী পদোন্নতির মাধ্যমে: (ক) স্থায়ী চাকরি ১৬ (ষোল) বৎসর এবং নায়েব সুবেদার পদে ন্যূনতম ০২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা; (খ) বিগত ৫ (পাঁচ) বৎসরের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) সন্তোষজনক হইতে হইবে; (গ) শৃঙ্খলা ও দক্ষতার মান সন্তোষজনক হইতে হইবে; (ঘ) শারীরিকভাবে যোগ্য হইতে হইবে; (ঙ) পদোন্নতি পরীক্ষা এবং নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে উত্তীর্ণ হইতে হইবে। |

| ক্র:নং | পদের নাম | সম্মতিকৃত পদ সংখ্যা | নির্ধারিত বেতনগ্রেড (জা:বে:স্কেল,২০১৫) | নিয়োগ যোগ্যতা/শর্ত |
|---|---|---|---|---|
| ৭ | হাবিলদার | ২৪×৫=১২০ | টাঃ ৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | 'অংগীভূত ব্যাটালিয়ন আনসার (স্থায়ীকরণ ও পদোন্নতি) বিধিমালা, ২০০১' অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৮ | নায়েক | ৪০×৫=২০০ | টাঃ ৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | 'অংগীভূত ব্যাটালিয়ন আনসার (স্থায়ীকরণ ও পদোন্নতি) বিধিমালা, ২০০১' অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৯ | ল্যান্স নায়েক | ৭৮×৫=৩৯০ | টাঃ ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | |
| ১০ | সিপাহি | ২৩৬×৫=১১৮০ | টাঃ ৯০০০-২১৮০০ (গ্রেড-১৭) | সরাসরি নিয়োগের মাধ্যমে: প্রস্তাবিত খসড়া নিয়োগ বিধিমালা "আনসার ব্যাটালিয়ন সদস্য নিয়োগ ও পদোন্নতি বিধিমালা, ২০২৫" এর বিধি ৪, বিধি ৫ ও বিধি ৬ অনুযায়ী। |
| ১১ | নার্সিং সহকারী | ১×৫=৫ | টাঃ ৯০০০-২১৮০০ (গ্রেড-১৭) | 'আনসার ক্যাডার বহির্ভূত নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১০' অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| | মোট | = ২১২৫ (দুই হাজার একশত পঁচিশ) টি। | | |

যানবাহন:

| ক্র:নং | যানবাহনের ধরণ | সম্মতিকৃত যানবাহন সংখ্যা |
|---|---|---|
| ১ | জীপ | ১×৫=৫ |
| ২ | পিকআপ (ডাবল কেবিন) | ১×৫=৫ |
| ৩ | ট্রাক (৩ টন) | ১×৫=৫ |
| ৪ | মোটর সাইকেল | ২×৫=১০ |
| | মোট | =২৫ (পঁচিশ) টি। |

শর্তাবলি:

(ক) সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত পদসমূহ এবং যানবাহন অন্তর্ভুক্ত করে হালনাগাদ সাংগঠনিক কাঠামো প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(খ) প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগ বিধিতে সংশোধনী আনতে হবে;

(গ) পদ সংরক্ষণ ও স্থায়ীকরণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩.০৫.২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে;

(ঘ) এ বিষয়ে বিদ্যমান সকল বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা প্রতিপালন নিশ্চিত করতে হবে;

(ঙ) অর্থ বিভাগ কর্তৃক জি.ও পৃষ্ঠাঙ্কনের তারিখ থেকে পদগুলো সৃজিত হবে।

২. এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭/০৭/২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৬১.১৫.০৩৩.২৫-১৫০ নং স্মারকমূলে, অর্থ বিভাগের ০৪/০৮/২০২৫ তারিখের ০৭.১৫৫,০১৫.৪৪.০১৩.২০০৪ (অংশ-১)-৩১৮ ও ১৯/০৮/২০২৫ তারিখের ০৭.১৫৫,০১৫.৪৪.০১৩.২০০৪ (অংশ-১)-৩৫২ নং স্মারকমূলে, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ ১৩/০৮/২০২৫ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০২.১৮-১৪৭, ২৪/০৮/২০২৫ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০২.১৮-১৫৯ নং স্মারকমূলে, ও ২৪/০৮/২০২৫ তারিখের ০৭.০০.০০০০.১৬১. ৪৪.০০২.১৮-১৬০ নং স্মারকমূলে, মন্ত্রিপরিষদ বিভাগের ২৪/০৯/২০২৫ তারিখের ০৪.০০.০০০০.০০০.৭১১.০৬. ০০১৩.২৫-২২৭ নং স্মারকমূলে সম্মতি এবং মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৬/১০/২৫
সোহানা নাসরিন
উপসচিব
ফোনঃ +৮৮ ০২-২২৩৩৫৪৫০৯
E-mail: ansar2@moha.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.১১৫.০১২.১০.২৫-৮৮ | তারিখ: ০৭ কার্তিক ১৪৩২ / ২৩ অক্টোবর ২০২৫

অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রেরণ করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য ০৪ (চার)টি অতিরিক্ত কপিসহ উপসচিব, ব্যয় ব্যবস্থাপনা-৫ শাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হলো।

২৬/১০/২৫
সোহানা নাসরিন
উপসচিব

নং- ০৭.১৫৫.০২৪.৪৪.০১৩.২০০৪(অংশ-১)-৫৪৪ তাং- ২৫/১১/২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, খিলগাঁও, ঢাকা।
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিজিএ ভবন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

২৫/১১/২০২৫
উপসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৫ শাখা)
অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়

কাজী লুতফুল হাসান
উপসচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নম্বর-৪৪.০০.০০০০.১১৫.০১২.১০.২৫-৮৮(৫) | তারিখ: ০৭ কার্তিক ১৪৩২ / ২৩ অক্টোবর ২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, খিলগাঁও, ঢাকা।
৪. প্রোগ্রামার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস/মাস্টার কপি।

২৬/১০/২৫
সোহানা নাসরিন
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৫৪৫০৯
E-mail: nsar2@moha.gov.bd